শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২য় পরিষদের ১১ম কর্পোরেশন সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ১৪ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ ।। ২৮ মার্চ ২০২২ |
| সময় | : | সকাল ১১.৩০ টা |
| স্থান | : | হল রুম ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২। |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন কর্পোরেশন সভা একটি আনুষ্ঠানিক সভা। সময় সল্পতার কারণে সকল সম্মানিত কাউন্সিলরগণ অনেক সময় তাদের বক্তব্য প্রদান করতে পারেন না। সে জন্য প্রত্যেক মাসের দ্বিতীয় ও তৃতীয় বৃহস্পতিবার সম্মানিত কাউন্সিলরদের নিয়ে সভা অনুষ্ঠিত হচ্ছে। উক্ত সভায় সম্মানিত কাউন্সিলরগণকে উপস্থিত হয়ে তাঁর ওয়ার্ডের সমস্যা ও সুবিধাদী নিয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানান। সভায় সকল বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সাবেক উর্ধ্বতন কীট নিয়ন্ত্রণ কর্মকর্তা কৃষিবিদ জনাব ড. মো: আরিফুর রহমান গত ২১ মার্চ ২০২২ তারিখ সড়ক দূর্ঘটনায় মৃত্যু বরণ করেছেন। সভায় তাঁর মৃত্যুতে শোক প্রস্তাব করা হয়।

অতপরঃ নিম্নরূপ এজেন্ডা ভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয়।

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১ | : | বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ। |
| আলোচনা | : | বিগত ২৭ জানুয়ারি ২০২২ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ১০ম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।<br>কোন সংশোধনী না থাকায় ২য় পরিষদের ১০ম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। |
| সিদ্ধান্ত | : | ২য় পরিষদের ১০ম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি- ২ | : | ২য় পরিষদের ১০ম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি। |
| আলোচনা | : | বিগত ২৭ জানুয়ারি ২০২২ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ১০ম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাকে আহ্বান জানানো হয়। |
| সিদ্ধান্ত | : | বিগত ২৭ জানুয়ারি ২০২২ তারিখ অনুষ্ঠিত ২য় পরিষদের ১০ম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচি-৩** : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের অবসর উত্তর ডিএনসিসির কাজে সম্পৃক্তকরণ প্রসংগে।

**আলোচনা** : সচিব সভাকে জানান যে, প্রচলিত বিধি মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়মিত কর্মকর্তা/কর্মচারীগণ চাকরি হতে অবসর গ্রহণ করবেন। অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে অভিজ্ঞ দক্ষতা সম্পর্ণ কর্মকর্তা/কর্মচারী যারা কর্পোরেশনের কাজে সহায়ক ভূমিকা রাখতে সক্ষম PRL শেষে তাদেরকে কাজের স্বার্থে স্থানীয় সরকার আইন ২০০৯ এর ৫৩ (১) অনুচ্ছেদ মতে কর্পোরেশনের কাজে সম্পৃক্ত করা যাবে।

বিধি: ৫৩ "যে কোন ব্যক্তিকে কর্পোরেশেনের কাজে সম্পৃক্তকরণ- (১) কর্পোরেশন বা উহার কোন স্থায়ী কমিটি কিংবা কমিটি উহার যে কোন দায়িত্ব পালনের জন্য কোন ব্যক্তির সাহায্য বা পরামর্শের প্রয়োজনবোধ করিলে, উক্ত ব্যক্তিকে উহার কাজের সহিত সম্পৃক্ত করিত পারিবে। "

স্থানীয় সরকার আইন ২০০৯ এর ৭২ এ নিম্নরূপ উল্লেখ রয়েছে

৭২। তহবিলের প্রয়োগ।— তহবিলের অর্থ নিম্নলিখিত খাতে অগ্রাধিকারের ভিত্তিতে ব্যয় করা যাইবে, যথাঃ-

(ক) কর্পোরেশনের কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন ও ভাতা প্রদান;

(খ) এই আইনের অধীন তহবিলের উপর দায়যুক্ত ব্যয়;

(গ) এই আইন বা আপাতত বলবৎ অন্য কোন আইন বা অধ্যাদেশ দ্বারা ন্যস্ত কর্পোরেশনের দায়িত্ব সম্পাদন এবং কর্তব্য পালনের জন্য ব্যয়;

(ঘ) সরকারের পূর্বানুমোদনক্রমে সিটি কর্পোরেশন কর্তৃক ঘোষিত তহবিলের উপর দায়যুক্ত ব্যয়।

এমতাবস্থায়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়মিত কর্মকর্তা/কর্মচারীদের অবসর উত্তর ডিএনসিসির কাজে সম্পৃক্তকরণ এবং সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীগণ'কে তাদের সর্বশেষ মূল বেতনের সমপরিমাণ অর্থ মাসিক মজুরি/সম্মানী প্রদানের বিষয়টি অনুমোদনের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করা হলো।

**সিদ্ধান্ত** : ডিএনসিসি'র অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে অভিজ্ঞ ও দক্ষতা সম্পন্ন কর্মকর্তা/কর্মচারী যারা কর্পোরেশনের কাজে সহায়ক ভূমিকা রাখতে সক্ষম PRL শেষে তাদেরকে কাজের স্বার্থে কর্পোরেশনের কাজে সম্পৃক্তকরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীগণ তাদের সর্বশেষ মূল বেতনের সমপরিমান অর্থ মাসিক মজুরি/সম্মানী হিসেবে প্রাপ্য হবেন।

**বাস্তবায়ন** : সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

**আলোচ্যসূচি-৪** : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৫ নং ওয়ার্ডস্থিত পশ্চিম ভাষানটেক (বাইতুল মা'বুদ জামে মসজিদ এর দক্ষিণ দিকে) ব্যক্তিমালিকানাধীন রাস্তার জমি কর্পোরেশন বরাবর হস্তান্তর প্রসঙ্গে।

**আলোচনা** : প্রধান সম্পত্তি কর্মকর্তা সভাকে জানান যে, রাস্তা উন্নয়নের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বরাবর হস্তান্তরের জন্য প্রস্তাবিত রাস্তাটি ঢাকাস্থ পশ্চিম ভাষানটেক এলাকা, ওয়ার্ড নং-১৫, সিটি জরিপে জোয়ারসাহারা মৌজায় অবস্থিত। প্রস্তাবিত হস্তান্তরিত রাস্তার ভূমির বিবরণ নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | হস্তান্তরকারীর নাম ও ঠিকানা | মৌজার নাম | আর.এস দাগ নং | মহানগর দাগ নং | হস্তান্তরিত ভূমির পরিমান (দৈর্ঘ্য×প্রস্থ) |
|---|---|---|---|---|---|
| ০১ | আব্দুল বারী মৃধা | জোয়ার সাহারা | ১৩১৬ | ৫৪৯৮০ | ৯৩´×৬= ৫৫৮ বর্গফুট |
| ০২ | মোঃ নুরুল আজম গং | | ১৩১৬ | ৫৪৯৮০ | |
| ০৩ | জান্নাতুল ফেরদৌস স্মৃতি | | ১৩১৬ | ৫৪৯৮১ | ৫৪´×৬= ৩২৪ বর্গফুট |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৪ | মোঃ সাইদুল হক (শরীফ) | | ১৩১৬ | ৫৪৭৮০ | ৩৪´×৬= ২০৪ বর্গফুট |
| ০৫ | মোঃ জিন্নাত আলী গং | | ১৩১৬ | ৫৪৭৮০ | ৭০´×৬= ৪২০ বর্গফুট |
| ০৬ | আঃ ছাত্তার | | ১৩১৬ | ৫৪৭৮১ | ৪২´×৬= ২৫২ বর্গফুট |
| ০৭ | এমদাদুল হক | | ১৩১৬ | ৫৪৭৮১ | ৯২´×৬= ৫৫২ বর্গফুট |
| ০৮ | এম এ হান্নান মিয়া | | ১৩১৬ | ৫৪৭৮১ | |
| ০৯ | জাকিয়া ফেরদৌসী | | ১৩১৬ | ৫৪৭৮১ | |
| ১০ | মোঃ মোত্তাকিন তালুকদার | | ১৩১৬ | ৫৪৭৮১ | |
| ১১ | এমদাদুল হক | | ১৩১৬ | ৫৪৮০২ | ৫৬´×৬=৩৩৬ বর্গফুট |
| ১২ | মোঃ নুরুল আজম গং | | ১৩১৬ | ৫৪৭৮১ | ৪৮´×৬=২৮৮ বর্গফুট |
| ১৩ | জান্নাতুল ফেরদৌস স্মৃতি | | ১৩১৬ | ৫৪৭৮০ | ৪৮´×৬=২৮৮ বর্গফুট |
| ১৪ | মোঃ আব্দুল মালেক গং | | ১২৮৫ | ৫৪৭৭৮<br>৫৪৭৭৯ | ৭২´×৬=৪৩২ বর্গফুট |
| ১৫ | আশরাফুল ইসলাম বাবু | | ১২৮৫ | ৫৪৭৭৯ | ৬৮´×৬=৪০৮ বর্গফুট |
| ১৬ | মোঃ শফিকুল ইসলাম | | ১২৮৫ | | |
| ১৭ | মোখলেছুর রহমান গং | | ১২৮৫ | ৫৪৭৭৯ | ১৪০´×৬=৮৪০ বর্গফুট |
| ১৮ | মোঃ আকবর হোসেন | | ১২৮৫ | ” | |
| ১৯ | আঃ রহিম | | ১২৮৫ | ” | |
| ২০ | লায়লা ফারহানা | | ১২৮৫ | ” | |
| ২১ | আঃ রশিদ | | ১২৮৫ | ” | |
| ২২ | আঃ হক আব্বাসী | | ১২৮৫ | ” | |
| ২৩ | মোঃ হানিফ | | ১২৮৫ | ” | |
| | | | | মোট = | ৪৯০২ বর্গফুট |

সর্বমোট= ৪৯০২ বর্গফুট বা ০.১১২৫ একর (কম/বেশী)।

| | | |
|---|---|---|
| | | উল্লেখ্য, আবেদনকারীগণ আবেদনের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে উল্লেখিত প্রস্তাবিত রাস্তার দৈঘ্য ও প্রস্থ সরেজমিনে তদন্তে সঠিক পাওয়া গিয়াছে। আবেদনকারীগণের হোল্ডিং ট্যাক্স পরিশোধের কপি দাখিল করেছেন।<br>এমতাবস্থায়, বর্ণিত ভূমি হতে প্রস্তাবিত ভূমির পরিমান- ৪৯০২ বর্গফুট বা ০.১১২৫ একর (কম/বেশী) একর ভূমি জনস্বার্থে রাস্তা উন্নয়নের লক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক গ্রহণের বিষয়টি মাননীয় মেয়র মহোদয় কর্তৃক গত ১০/০৩/২০২২ খ্রিঃ তারিখ অনুমোদিত হয়েছে। কর্পোরেশনের বোর্ড সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৫ নং ওয়ার্ডস্থিত পশ্চিম ভাষানটেক (বাইতুল মা'বুদ জামে মসজিদ এর দক্ষিণ দিকে) ব্যক্তিমালিকানাধীন রাস্তার জমি কর্পোরেশন বরাবর হস্তান্তরের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৫ | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের একটি বর্জ্যবাহী ডাম্প ট্রাক এবং একটি মোটর সাইকেলের মধ্যে সংঘটিত দুর্ঘটনায় মৃত্যুবরণকারী মোটর সাইকেল আরোহী মো: আহসান কবির খান এর পরিবারকে আর্থিক সহায়তা প্রদান। |
| আলোচনা | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা সভাকে জানান যে, গত ২৫/১১/২০২১ইং তারিখে উত্তর সিটি কর্পোরেশনের বর্জ্যবাহী ডাম্প ট্রাক এবং একটি মোটর সাইকেলের মধ্যে পান্থপথ এলাকার মীম ফার্নিচারের সামনে রাস্তায় বেলা আনুমানিক ২:৩০ ঘটিকার সময় দুর্ঘটনা সংঘটিত হয়। উক্ত দুর্ঘটনায় মো: আহসান কবির খান নামে একজন মোটরসাইকেল আরোহী নিহত হয়। সে প্রেক্ষিতে স্মারক নং-৪৬.১০.০০০.০০৬.৯৯.২৩৯.১৯-৪৬২ তাং-২৫/১১/২০২১ইং মোতাবেক একটি ৩(তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। "ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক নিহতের পরিবারের দেখভালের দায়িত্ব নেয়া যেতে পারে" মর্মে গঠিত কমিটি তাদের প্রতিবেদনে সুপারিশ করে।<br><br>২। নিহতের স্ত্রীর সাথে কথা বলে জানা যায় যে, তাদের স্কুলগামী ২জন সন্তান রয়েছে এবং দুর্ঘটনায় মৃত্যুবরণকারী মো: আহসান কবির খান পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন। জনাব মো: আহসান কবরি খান এর মৃত্যুতে তাদের পরিবার আর্থিকভাবে নি:স্ব হয়ে পড়েছে। বর্তমানে নিহতের স্ত্রী ধার দেনাকরে সংসার পরিচালনা করছেন। আর্থিক অনটনের কারণে তাদের সন্তানদের লেখাপড়া অনিশ্চিত হয়ে পড়েছে। নিম্নে নিহতের স্ত্রী ও তার সন্তানদের পরিচয় তুলে ধরা হলোঃ<br><br>স্ত্রীঃ নাদিরা পারভীন<br>ক) ছেলেঃ সাদমান শাহরিয়া (কাইফ)<br>বয়সঃ ১৫ (পনরে) বছর<br>শিক্ষা প্রতিষ্ঠানঃ ফয়জুর রহমান আইডিয়াল স্কুল, মালিবাগ শাখা, ১০ম শ্রেণী (বিজ্ঞান শাখা)।<br>খ) মেয়েঃ সাফরিন কবির দিয়া<br>বয়সঃ ১০(দশ) বছর<br>শিক্ষা প্রতিষ্ঠানঃ ফয়জুর রহমান আইডিয়াল স্কুল, মালিবাগ শাখা, ৪র্থ শ্রেণী<br>বর্তমান ঠিকানাঃ ৫৩ সোনালী বাগ, চাঁদ বেকারীর গলি, থানা- হাতিরঝিল, ঢাকা।<br>স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ শিরযুক, ডাকঘরঃ শেখের হাট, উপজেলাঃ ঝালকাঠি সদর, জেলাঃ ঝালকাঠি<br>৩। নিহতের পরিবারের অসহায়ত্বের কথা বিবেচনা করে তাদের সন্তানদের শিক্ষাকার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে সন্তানদের মাস্টার্স/সমমানের ডিগ্রি অর্জিত না হওয়া পর্যন্ত প্রত্যেক মাসে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হারে দুর্ঘটনায় মৃত্যুবরণকারী মোঃ আহসান কবির খানের স্ত্রীর অনুকূলে আর্থিক অনুদান প্রদান করা যেতে পারে। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের একটি বর্জ্যবাহী ডাম্প ট্রাক এবং একটি মোটর সাইকেলের মধ্যে সংঘটিত দুর্ঘটনায় মৃত্যুবরণকারী মোটর সাইকেল আরোহী নিহতের মো: আহসান কবির খান এর পরিবারকে অসহায়ত্বের কথা বিবেচনা করে তাদের সন্তানদের শিক্ষাকার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে সন্তানদের মাস্টার্স/সমমানের ডিগ্রি অর্জিত না হওয়া পর্যন্ত প্রত্যেক মাসে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা হারে দুর্ঘটনায় মৃত্যুবরণকারী মোঃ আহসান কবির খানের স্ত্রীর অনুকূলে আর্থিক অনুদান EFT এর মাধ্যমে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন।<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৬ | : | রাজস্ব বিভাগে কর্মরত প্রত্যেক কর কর্মকর্তার অনুকূলে Imprest money প্রদান সংক্রান্ত। |
| আলোচনা | : | প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে জানান যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বাড়ী-ঘরের পৌরকর পরিশোধসহ নানাবিধ কাজে এবং বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স গ্রহণের নিমিত্ত সম্মানিত করদাতাগণ রাজস্ব বিভাগের আঞ্চলিক কার্যালয়ে আসেন। সে প্রেক্ষিতে প্রত্যেক অঞ্চলে আগত সম্মানিত করদাতাগণের আপ্যায়নের নিমিত্তে কর কর্মকর্তাগণের অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পরিবর্তে ১৫,০০০/- (পনেরো হাজার) Imprest Money উন্নিত করা প্রয়োজন। যা কর কর্মকর্তাগণ পরবর্তী Imprest Money উত্তোলনের পূর্বে Cash Memo এর মাধ্যমে সমন্বয় করা হবে।বিষয়টি কর্পোরেশন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। |
| সিদ্ধান্ত | : | রাজস্ব বিভাগে কর্মরত প্রত্যেক কর কর্মকর্তার অনুকূলে অঞ্চলে আগত সম্মানিত করদাতাগণের আপ্যায়নের নিমিত্তে কর কর্মকর্তাগণের অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পরিবর্তে ১০,০০০/- (দশ হাজার) Imprest Money প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন।<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৭ | : | পরিত্যাক্ত মার্কেটসমূহের ব্যবসায়ীগণ কর্তৃক পরিচালনাকৃত দোকানসমূহ হতে ভাড়া ও ট্রেড লাইসেন্স ফি আদায় সংক্রান্ত। |
| আলোচনা | : | প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে জানান যে, মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশনা মোতাবেক গত ২৮ ডিসেম্বর, ২০২১খ্রি. অর্থ সংস্থাপন কমিটি, সংশ্লিষ্ট এলাকার সম্মানিত কাউন্সিলর, মার্কেট সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকগণের সমন্বয়ে প্রধান রাজস্ব কর্মকর্তা মহোদয়ের সভাপতিত্বে তাঁর দপ্তর সভা আহবান করা হয়। উক্ত সভায় আলোচনায় উপস্থিতিদের মধ্যে মতবিরোধ সৃষ্টির কারণে কোন সিদ্ধান্ত ছাড়াই সভা শেষ হয়।<br><br>অত:পর, গত ১৮ জানুয়ারি, ২০২২খ্রি. অনুষ্ঠিত রাজস্ব আদায় বৃদ্ধি পর্যালোচনা সভায় ডিএনসিসি'র মার্কেটসমূহ থেকে দোকান ভাড়া আদায়ের বিষয়ে আলোচনান্তে পরিত্যক্ত মার্কেট সমূহ ভাংগা ও পুর্নবাসন না করা পর্যন্ত বরাদ্দ প্রাপকদের নিকট হতে বকেয়া ভাড়া ও ট্রেড লাইসেন্স নবায়ন ফি আদায়ের বিষয়ে গত ২৮ ডিসেম্বর, ২০২১খ্রি. সভার সার সংক্ষেপ মাননীয় মেয়র মহোদয়কে অবহিত করা হয়েছিল।<br><br>মাননীয় মেয়র মহোদয় উক্ত সভায় বরাদ্দ প্রাপকগণ যত দিন পর্যন্ত দোকান ব্যবসা পরিচালনা করেছেন তত দিন পর্যন্ত মার্কেটের দোকানসমূহের বকেয়া ভাড়াসহ ট্রেড লাইসেন্স নবায়ন ফি আদায়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রস্তাবটি কর্পোরেশন সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br><br>এমতাবস্থায় বিষয়টি কর্পোরেশন সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের পরিত্যাক্ত মার্কেটসমূহের ব্যবসায়ীগণ কর্তৃক পরিচালনাকৃত দোকানসমূহ হতে যত দিন পর্যন্ত ব্যবসা পরিচালনা করেছেন তত দিন পর্যন্ত অর্থাৎ বকেয়া সন পর্যন্ত ভাড়া ও ট্রেড লাইসেন্স ফি আদায়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |
| আলোচ্যসূচি-৮ | : | উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানের সাধারণ এলাকায় দাফনকৃত বীর মুক্তিযোদ্ধা মরহুম মুহম্মদ আশরাফ উজ্জামান (প্রফেসর- উদ্ভিদরোগ তত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়) এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ ও পাকা করার জন্য আবেদন। |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অনুষ্ঠিত সভায় উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানের সাধারণ এলাকায় ১৩/১১/২০১৬ খ্রি: তারিখে (রেজি: নং- ৫৫) দাফনকৃত বীর মুক্তিযোদ্ধা মরহুম মুহম্মদ আশরাফ উজ্জামান এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ ও পাকা করার জন্য জনাব সাজিয়া নুসরাত জামান (মরহুমের মেয়ে), বাড়ী-২২, রোড-১৫, সেক্টর-৪, উত্তরা, ঢাকা-১২৩০, (মোবাইল- ০১৭১৪-১৪৩৬১৩) আবেদন করেছেন।<br>আবেদনের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানের সাধারণ এলাকায় ১৩/১১/২০১৬ খ্রি: তারিখে (রেজি: নং- ৫৫) দাফনকৃত বীর মুক্তিযোদ্ধা মরহুম মুহম্মদ আশরাফ উজ্জামান এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ ও পাকা করার জন্য কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানে দাফনকৃত বীর মুক্তিযোদ্ধা মরহুম মুহম্মদ আশরাফ উজ্জামান (প্রফেসর- উদ্ভিদরোগ তত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়) এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ ও পাকা করার নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৯ | : | উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানের সাধারণ এলাকায় রেজি: নং- ১০৭ তে দাফনকৃত মরহুমা শরীফ নাজমা পারভীন এর কবরটি স্থায়ীভাবে প্রতীকী বরাদ্দের জন্য আবেদন । |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ অনুষ্ঠিত সভায় উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানের সাধারণ এলাকায় ০২/০৩/২০২০খ্রিঃ তারিখে (রেজি: নং- ১০৭) দাফনকৃত বীর মুক্তিযোদ্ধা মরহুম আলহাজ্ব শরীফ আব্দুস শুকুর এর স্ত্রী মরহুমা শরীফ নাজমা পারভীন এর কবরটি স্থায়ীভাবে প্রতীকী বরাদ্দের জন্য জনাব শরীফ মোহাম্মদ আলী-সুমন (মরহুমার ছেলে), ফ্লাট নং- এইচ ২০৪, আশকোনা সিটি কমপ্লেক্স, দক্ষিন খান, ঢাকা-১২৩০, (মোবাইল- ০১৭১১৪০৮১৫৩) আবেদন করেন । এছাড়াও বর্ণিত কবরটি সংরক্ষণের জন্য জনাব মোহাম্মদ শামছুল ইসলাম, উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনা পত্র রয়েছে।<br>আবেদনের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানের সাধারণ এলাকায় রেজি: নং-১০৭ তে দাফনকৃত মরহুমা শরীফ নাজমা পারভীন এর কবরটি স্থায়ীভাবে প্রতীকী বরাদ্দের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানে সাধারণ এলাকায় রেজি: নং- ১০৭ তে দাফনকৃত মরহুমা শরীফ নাজমা পারভীন এর কবরটি স্থায়ীভাবে প্রতীকী বরাদ্দ প্রদানের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১০ | : | উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানের সংরক্ষিত এলাকায় দাফনকৃত মরহুম চৌধুরী মোঃ বদরুল আলম (রশিদ বহি নং-৪২১, ক্রমিক নং-৪২০২৪) এর কবরটি বিনা মূল্যেও পাকা করণসহ স্থায়ীভাবে সংরক্ষণ করার অনুমতি দানের আবেদন। |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানের সংরক্ষিত এলাকায় দাফনকৃত মরহুম চৌধুরী মোঃ বদরুল আলম (রশিদ বহি নং-৪২১, ক্রমিক নং-৪২০২৪) এর কবরটি বিনা মূল্যে ও পাকা করণসহ স্থায়ীভাবে সংরক্ষণ করার অনুমতি প্রদানের জন্য জনাব মোঃ মোজাম্মেল হক (মরহুমের জামাতা), প্রধান সম্পত্তি কর্মকর্তা (যুগ্মসচিব), ঢাকা উত্তর |

| | | |
|---|---|---|
| | | সিটি কর্পোরেশন কর্তৃক আবেদন করা হয়।<br>আবেদনের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানের সংরক্ষিত এলাকায় দাফনকৃত মরহুম চৌধুরী মোঃ বদরুল আলম (রশিদ বহি নং-৪২১, ক্রমিক নং-৪২০২৪) এর কবরটি বিনা মূল্যে ও পাকা করণসহ স্থায়ীভাবে সংরক্ষণ করার জন্য কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | উত্তরা ৪ নং সেক্টর কবরস্থানে দাফনকৃত মরহুম চৌধুরী মোঃ বদরুল আলম (রশিদ বহি নং-৪২১, ক্রমিক নং-৪২০২৪) এর কবরটি বিনা মূল্যে ও পাকা করণসহ স্থায়ীভাবে সংরক্ষণ করণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১১ | : | বনানী কবরস্থানের পুরাতন সাধারণ এলাকায় দাফনকৃত মরহুমা সারাহ বেগম কবরী এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণের ফি মওকুফ করার আবেদন। |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বনানী কবরস্থানের পুরাতন-সাধারণ এলাকায় ১৭/০৪/২০২১ খ্রিঃ তারিখে (রেজি: নং-৪২৬) দাফনকৃত বীর মুক্তিযোদ্ধা, সাবেক সংসদ সদস্য, সেরা অভিনেত্রী হিসেবে একাধিকবার জাতীয় চলচিত্র পুরস্কারপ্রাপ্ত বাংলাদেশ সরকার কর্তৃক "আজীবন সম্মাননা" পদকপ্রাপ্ত, চলচ্চিত্র পরিচালক-প্রযোজক,সমাজকর্মী, লেখক ও শিক্ষক মরহুমা সারাহ্ বেগম কবরী এর কবরটি গত ২৮/১০/২০২১খ্রিঃ তারিখের ৪৬.১০.০০০০.০১৩.৬৩.১৫৫৯.১৯-০৬৬ সংখ্যক স্মারকে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা জমা দেয়ার সাপেক্ষে অস্থায়ীভাবে ২৫ বছর মেয়াদে (১৭/০৪/২০২১ হতে ১৬/০৪/২০৪৬ পর্যন্ত) সংরক্ষণ করার জন্য অনুমোদন দেয়া হয়। উক্ত কবরটি পুনরায় স্থায়ীভাবে সংরক্ষণের ফি মওকুফের করার জন্য জনাব শাকের ওসমান চিশতী (মরহুমার ছেলে), বাসা-১৫/ডি, রোড-৯৩, গুলশান-২, ঢাকা আবেদন করেছেন।<br>আবেদনের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় বনানী কবরস্থানের পুরাতন সাধারণ এলাকায় দাফনকৃত মরহুমা সারাহ্ বেগম কবরী এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণের ফি মওকুফের করার জন্য কর্পোরেশন সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | বনানী কবরস্থানে দাফনকৃত বীর মুক্তিযোদ্ধা, সাবেক সংসদ সদস্য, সেরা অভিনেত্রী হিসেবে একাধিকবার জাতীয় চলচিত্র পুরস্কারপ্রাপ্ত , বাংলাদেশ সরকার কর্তৃক "আজীবন সম্মাননা" পদকপ্রাপ্ত, চলচ্চিত্র পরিচালক-প্রযোজক, সমাজকর্মী, লেখক ও শিক্ষক মরহুমা সারাহ্ বেগম কবরী এর কবরটি বিনামূল্যে স্থায়ীকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১২ | : | বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় দাফনকৃত মরহুমা হাসিনা মনোয়ারা এর কবরটি বিনা ফি'তে ১০ বছর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার আবেদন । |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় ০২/০৮/২০২১ খ্রিঃ তারিখে (রেজি: নং-৪৯ ) দাফনকৃত মরহুমা হাসিনা মনোয়ারা এর কবরটি বিনা ফি'তে ১০ বছর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার জন্য বীর মুক্তিযোদ্ধা ডাঃ এস, এম, আবুল খায়ের মিয়া (মরহুমার স্বামী), বাড়ী-০৩, রোড-০৪, ফ্লাট-বি/৪, বনানী ডিওএইচএস, ঢাকা, সেনানিবাস, ঢাকা আবেদন করেছেন।<br>আবেদনের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় দাফনকৃত মরহুমা হাসিনা মনোয়ারা এর কবরটি বিনা ফি'তে ১০ বছর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার জন্য কর্পোরেশন সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত | : | বনানী কবরস্থানে দাফনকৃত মরহুমা হাসিনা মনোয়ারা এর কবরটি বিনা ফি'তে ১০ বছর মেয়াদী সংরক্ষণ করণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৩ | : | বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় দাফনকৃত কমিশনার (শুল্ক ও আবগারী বিভাগ, ১৫তম বিসিএস) মরহুম হোসাইন আহমেদ এর অস্থায়ী কবরকে নামমাত্র মূল্যে স্থায়ীকরনের জন্য আবেদন। |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় ১৩/০৩/২০২১ খ্রিঃ তারিখে (রেজি: নং-৩৬৩) দাফনকৃত কমিশনার (শুল্ক ও আবগারী বিভাগ, ১৫তম বিসিএস) মরহুম হোসাইন আহমেদ এর অস্থায়ী কবরকে স্থায়ীকরনের জন্য এবং নামমাত্র মূল্যে কবরটি স্থায়ীকরনের জন্য মেহেরুন নেছা (মরহুমের স্ত্রী), ৫৮/ই, কাষ্টমস অফিসার্স কোয়ার্টার, রোড-০২, বনানী-১২১৩ কর্তৃক আবেদন করা হয়েছে।<br><br>আবেদনের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় কমিশনার (শুল্ক ও আবগারী বিভাগ, ১৫তম বিসিএস) মরহুম হোসাইন আহমেদ এর অস্থায়ী কবরকে নামমাত্র মূল্যে স্থায়ীকরনের নিমিত্ত কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | বনানী কবরস্থানে দাফনকৃত কমিশনার (শুল্ক ও আবগারী বিভাগ, ১৫তম বিসিএস) মরহুম হোসাইন আহমেদ এর অস্থায়ী কবরকে স্থায়ীকরনের জন্য এবং নামমাত্র মূল্যে কবরটি স্থায়ীকরনের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৪ | : | বীর মুক্তিযোদ্ধা, সাবেক আওয়ামীলীগের এম.এন.এ (১৯৭০) ও সংসদ সদস্য ( ১৯৭৩ ) এবং বাংলাদেশের সংবিধান প্রনয়ন কমিটির সদস্য, মরহুম অধ্যক্ষ হুমায়ুন খালিদ এর মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে সমাহিত কবরটি পাকা করে সংরক্ষণ করণ প্রসঙ্গে। |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানের সাধারণ এলাকায় ২৯/১২/২০০২ খ্রিঃ তারিখ (রেজি: নং ৮০১) দাফনকৃত মরহুম হুমায়ুন খালিদ চৌধুরী এর কবরটি স্থায়ী ও পাকা করার জন্য জনাব খালিদ মুরশিদ উজ্জামান (মরহুমের ছেলে) আবেদন করেছেন।<br><br>আবেদনের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানের সাধারণ এলাকায় ২৯/১২/২০০২ খ্রিঃ তারিখ (রেজি: নং ৮০১) দাফনকৃত মরহুম হুমায়ুন খালিদ চৌধুরী এর কবরটি স্থায়ী ও পাকা করার জন্য কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে দাফনকৃত মরহুম অধ্যক্ষ হুমায়ুন খালিদ এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ করার নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৫ | : | মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানের সংরক্ষিত এলাকায় দাফনকৃত মরহুম কথা সাহিত্যিক বুলবুল চৌধুরী এর কবরটি ২৫ বছর মেয়াদে সংরক্ষণ ও পাকা করার জন্য আবেদন। |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানের সংরক্ষিত এলাকায় ২৯/০৮/২০২১ খ্রিঃ তারিখ (রেজি: নং ৩৪৭, ব্লক-এ (নতুন), লাইন-০৯ ) দাফনকৃত (একুশে পদক এবং বাংলা একাডেমিক পুরস্কার প্রাপ্ত) কথাসাহিত্যিক মরহুম বুলবুল চৌধুরী এর কবরটি ২৫ বছর মেয়াদে সংরক্ষণ ও পাকা করার এবং নির্ধারিত ফি মওকুফের জন্য জনাব আর-রাফী চৌধুরী (মরহুমের ছেলে), ৪/১, .পি.সি. ব্যানার্জী লেন, শিংটোলা, সূত্রাপুর, ঢাকা-১১০০ আবেদন করেছেন।<br><br>আবেদনের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানের সংরক্ষিত এলাকায় ২৯/০৮/২০২১ খ্রিঃ তারিখ (রেজি: নং ৩৪৭, ব্লক-এ (নতুন), লাইন-০৯ ) দাফনকৃত (একুশে পদক এবং বাংলা একাডেমিক পুরস্কার প্রাপ্ত) কথাসাহিত্যিক মরহুম বুলবুল চৌধুরী এর কবরটি সংরক্ষণ ২৫ বছর মেয়াদে সংরক্ষণ ও পাকা করার এবং নির্ধারিত ফি মওকুফের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| সিদ্ধান্ত | : | মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে দাফনকৃত একুশে পদক এবং বাংলা একাডেমিক পুরস্কার প্রাপ্ত মরহুম কথা সাহিত্যিক বুলবুল চৌধুরী এর কবরটি নির্ধারিত ফি মওকুফ করার নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৬ | : | রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের সাধারণ এলাকায় দাফনকৃত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাবেক কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৪ মরহুম মোঃ আবু তাহের খান এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ ও পাকা করার জন্য আবেদন। |
| আলোচনা | : | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের সাধারণ এলাকায় ২৪/০৬/২০১৯ খ্রি: তারিখ (রেজি: নং ১৫২০) দাফনকৃত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাবেক কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৪ মরহুম আবু তাহের খান এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ ও পাকা করার জন্য জনাব জামাল হোসেন জামিল (মরহুমের মেয়ের জামাই), ৩/১ বাশবাড়ী, মোহাম্মদপুর, ঢাকা আবেদন করেছেন।<br>আবেদনের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন কবরস্থানসমূহের কবর মেয়াদী সংরক্ষণ ও পাকা করার অনুমতি প্রদান সংক্রান্ত কমিটির গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখের সভায় রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের সাধারণ এলাকায় ২৪/০৬/২০১৯ খ্রি: তারিখ (রেজি: নং ১৫২০) দাফনকৃত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাবেক কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৪ মরহুম আবু তাহের খান এর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ ও পাকা করার জন্য কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>জনাব শেখ মোহাম্মদ হোসেন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৪ আলোচনায় অংশগ্রহণ করে বলেন, রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানের সাধারণ এলাকায় ২৪/০৬/২০১৯ খ্রি: তারিখ (রেজি: নং ১৫২০) দাফনকৃত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাবেক কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৪ মরহুম আবু তাহের খান এর কবরটি ভুলবশত মসজিদের সীমানায় পড়েছে। কবরটি স্থানান্তরের পর স্থায়ীভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। |
| সিদ্ধান্ত | : | রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধ সংলগ্ন কবরস্থানে দাফনকৃত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাবেক কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৪ মরহুম মোঃ আবু তাহের খান এর কবরটি তাঁর পরিবারের সদস্যগণের সাথে আলোচনা করে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং স্থানান্তরের পর কবরটি স্থায়ীভাবে সংরক্ষণ করণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৭ | : | বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় দাফনকৃত মরহুম আরজিনা হোসেন এর কবরটি মুক্তিযোদ্ধা কোটায় ২৫ বছরের জন্য বিনা ফি'তে সংরক্ষণের আবেদন। |
| আলোচনা | : | বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় ২০/০২/২০২২ খ্রিঃ তারিখে (রেজি: নং ৩১৬) দাফনকৃত একজন অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা এবং বীর মুক্তিযোদ্ধার স্ত্রী হিসেবে মরহুম আরজিনা হোসেন এর কবরটি মুক্তিযোদ্ধা কোটায় ২৫ বছরের জন্য সংরক্ষণের আবেদন করেছেন।<br>আবেদনকারীঃ মোয়াজ্জেম হোসেন, বীর মুক্তিযোদ্ধা, যুগ্মসচিব (অব:) (মরহুমার স্বামী, বাড়ী-এস ই (ডি)-৪, রোড-১৩৭, ফ্ল্যাট: সি-৫, গুলশান-১, ঢাকা-১২১২। ডিএনসিসি'র কবরস্থানসমূহের নীতিমালার 'সংরক্ষিত এলাকা' এর ক্রমিক নং-১৩ মোতাবেক বীর মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে বিনা ফি'তে ১০ (দশ) বছর কবর সংরক্ষণ করা যায়। বীর মুক্তিযোদ্ধাদের পরিবার সর্ম্পকে কোন কিছু বলা নাই। তবে কর্তৃপক্ষের সদয় অনুমতিক্রমে বিনা ফি'তে মরহুমা আরজিনা হোসেন এর কবরটি ২৫ (পচিশ) বছর মেয়াদে সংরক্ষণের অনুমোদনের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর পত্র দেওয়া যেতে পারে। |
| সিদ্ধান্ত | : | বনানী কবরস্থানের নতুন সাধারণ এলাকায় দাফনকৃত মরহুম আরজিনা হোসেন এর কবরটি মুক্তিযোদ্ধা কোটায় ২৫ বছর স্থায়ীভাবে বিনা ফি'তে সংরক্ষণ করণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশেন। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-১৮ | : | এসপায়ার টু ইনোভেট (এটুআই) কর্তৃক আয়োজিত ডিজিটাল সেন্টারের ১১ বছর পূর্তি উদযাপন ও "ডিজিটাল বাংলাদেশ ই সেবা ক্যাম্পেইন ২০২১" উপলক্ষ্যে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ০২(দুই) জন সেরা উদ্যোক্তাদের পুরস্কার প্রদান সংক্রান্ত। |
| আলোচনা | : | সিস্টেম এনালিস্ট সভাকে জানান যে, জনগণের দোরগোড়ায় বিভিন্ন ডিজিটাল সেবা নিশ্চিত করতে গত ২০মে ২০১৪ ইং তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক "নগর তথ্য ও সেবাকেন্দ্র (সিআইএসসি) পরিচালনা বিষয়ক নির্দেশিকা - ২০১৪" প্রকাশিত হয়। উক্ত নির্দেশনার আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৫৪ টি ওয়ার্ডের ১০৮ জন উদ্যোক্তা কাজ করে যাচ্ছেন। এটুআই হতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন অঞ্চল-৫, ওয়ার্ড নং-২৬ এর জনাব এ টি এম আতিকুল ইসলাম এবং অঞ্চল-২, ওয়ার্ড নং-০৪ এর জনাব শিরিন জাহানকে বর্ষসেরা উদ্যোক্তা হিসেবে পুরস্কার বিতরণের জন্য গত ০৫.০১.২০২২খ্রিঃ তারিখে মাননীয় মেয়র কর্তৃক সদয় অনুমোদিত হয়েছে।<br>এমতাবস্থায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন অঞ্চল-৫, ওয়ার্ড নং-২৬ এর জনাব এ টি এম আতিকুল ইসলাম এবং অঞ্চল-২, ওয়ার্ড নং-০৪ এর জনাব শিরিন জাহানকে বর্ষসেরা উদ্যোক্তা হিসেবে পুরস্কার বিতরণের বিষয়টি কর্পোরেশন সভা উপস্থাপন করা হলো। |
| সিদ্ধান্ত | : | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন অঞ্চল-৫, ওয়ার্ড নং-২৬ এর জনাব এ টি এম আতিকুল ইসলাম এবং অঞ্চল-২, ওয়ার্ড নং-০৪ এর জনাব শিরিন জাহানকে বর্ষসেরা উদ্যোক্তা হিসেবে কর্পোরেশন সভায় মাননীয় মেয়র কর্তৃক পুরস্কার প্রদান করা হয়। |
| উপস্থাপনাকারী | : | সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| বিবিধ-১৯ | : | বিবিধ আলোচনায় অংশগ্রহণ করে, জনাব সৈয়দ নূর ইসলাম, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩২ বলেন, ডিএনসিসি'র অঞ্চল-৫ এর আঞ্চলিক কার্যালয়ের ভবনটি ঝুকিপূর্ণ এবং পরিবেশ খুবই অস্বাস্থ্যকর। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।<br>জনাব হুমায়ুন রশিদ, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪ বলেন, ট্যাক্স কালেকশনের জন্য ওয়ার্ড ভিত্তিক বুথ তৈরি করা প্রয়োজন। |

জনাব কাজী জহিরুল ইসলাম মানিক, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩ বলেন, কবর সংরক্ষণের অনুমতি ব্যক্তিগতভাবে না দেয়া ভালো। কবর সংরক্ষণে নিরুৎসাহিত করতে হবে। এছাড়াও কাউন্সিলরদের বিদেশ ভ্রমণের বিষয়টি সহজ করতে নগর ভবনে এ সংক্রান্ত সেল গঠনের জন্য অনুরোধ জানান।

জনাব শেখ মোহাম্মদ হোসেন, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৪ বলেন, রায়ের বাজার কবরস্থানে বীর মুক্তিযোদ্ধাদের জন্য ১টি লাইন সংরক্ষিত করা হয়েছে। বীর মুক্তিযোদ্ধারা অনুরোধ করেছেন সংরক্ষিত লাইন বৃদ্ধির জন্য। তিনি বীর মুক্তিযোদ্ধাদের জন্য আর ৪টি লাইন সংরক্ষণের জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি বলেন, রায়ের বাজার কবরস্থানের পশ্চিম পাশে ২৪০ ফিট জায়গা জুড়ে দেয়াল নেই। ট্রাক স্ট্যান্ড হিসেবে ব্যবহার হচ্ছে। দ্রুত দেয়াল নির্মাণ করার জন্য অনুরোধ করেন।

জনাব মোঃ জামাল মোস্তফা, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪ বলেন, ARB বোর্ডে আপ্যায়ন ব্যবস্থা আছে। কিন্তু যারা বোর্ড পরিচালনা করেন তাদের সম্মানী সম্মানজনকভাবে দেয়া হয়না। ARB বোর্ডের সভাপতি ও সদস্যদের সম্মানি বৃদ্ধির জন্য অনুরোধ করেন।

জনাব মোঃ সাজ্জাদ হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২ বলেন ৯নং সেকশন হাউজিং এ কবরস্থান রয়েছে। কবরস্থান সংলগ্ন খেলার মাঠ ও রাস্তা নির্মাণ করার কথা ছিলো। দ্রুত খেলার মাঠ ও রাস্তা নির্মাণের জন্য অনুরোধ জানান।

জনাব আমেনা বেগম, কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৭ বলেন, কাউন্সিলররা মৃত্যুবরণ করলে বনানী কবরস্থানে দাফনের জন্য কোন বাড়তি সুযোগ দেয়া হবে কিনা?

জনাব মোঃ লিয়াকত আলী, কাউন্সিলর, ওয়ার্ড নং-২২ বলেন, কোন কবর স্থায়ীভাবে সংরক্ষণের অনুমতি দেয়া উচিত না। বীর মুক্তিযোদ্ধা হিসেবে তিনি বীর মুক্তিযোদ্ধাদের কবরস্থানে অগ্রাধিকার প্রদানের অনুরোধ জানান। এছাড়াও তিনি সমগ্র মুক্তিযোদ্ধাদের করব একই ডিজাইনের করারর জন্য অনুরোধ করেন।

জনাব মোঃ ইসমাইল মোল্লা, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩ বলেন, আসন্ন বর্ষা মৌসুমে জলাবদ্ধতার প্রকোপ দেখা দিবে। দ্রুত এ বিষয়ে পদক্ষেপ গ্রহন করতে হবে। কিউলেক্স মশার নিধনে উদ্যোগ ভালো ছিলো। বর্তমানে এডিস মশার উপদ্রব দেখা দিয়েছে। পবিত্র ঈদ উল ফিতর আসন্ন। গত বছর ত্রাণের জন্য ১ লক্ষ ৭৫ হাজার টাকা ওয়ার্ড প্রতি বরাদ্দ প্রদান করা হয়েছিলো। এ বছর ৫ লক্ষ টাকা করে প্রদানের জন্য অনুরোধ জানান।

জনাব মোঃ ইসহাক মিয়া, কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭ বলেন, প্রতি ওয়ার্ডে কমিউনিটি সেন্টার ও খেলার মাঠ তৈরি করতে হবে। কুড়িল বিশ্বরোড এর জায়গায় কমিউনিটি সেন্টার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

জনাব মোঃ তাইজুল ইসলাম চৌধুরী বাপ্পী, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬ তার ওয়ার্ডে মশার ওষুধ ও মেশিন বৃদ্ধির জন্য অনুরোধ করেন। এছাড়াও ফুটপাত অবৈধ দখল নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

জনাব মোঃ মোক্তার সরদার, কাউন্সিলর, ওয়ার্ড নং-৩৫ কাউন্সিলরদের বিদেশ ভ্রমণের ক্ষেত্রে অনুমোদন মাননীয় মেয়র পর্যায়ে সীমাবদ্ধ রাখার জন্য অনুরোধ করেন। প্রয়োজনে সকল কাউন্সিলরগণ মিলে সংশ্লিষ্ট দপ্তরে আবেদনপত্র প্রেরণ করবেন বলে তিনি সভাকে জানান।

বিবিধ আলোচনায় অংশগ্রহণ করে সভাপতি বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন মহাখালী পাইকারী কাঁচাবাজারের জন্য নির্মিত ভবনে ৫০ শয্যার একটি কিডনি ডায়ালাইসিস সেন্টার স্থাপনের লক্ষ্যে সোনার বাংলা ফাউন্ডেশন, বাংলাদেশ এর মধ্যে স্বাক্ষরিতব্য প্রস্তাবিত সমঝোতা স্মারক (MoU) টি স্বাক্ষরে মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। কাউন্সিলরদের অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। কাউন্সিলরগণ সর্ব সম্মতিক্রমে অনুমতি প্রদান করেন। এছাড়াও মহাখালী ডিএনসিসি মার্কেট ভবনটিকে জেনারেল হাসপাতালে রূপান্তর করার পরিকল্পনা রয়েছে বলে সভাকে অবহিত করে। এছাড়াও তিনি বলেন ডিএনসিসি'র ৫৪টি ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক স্থাপন করা হবে।

সভাপতি বলেন, বনানী কবরস্থানে স্থায়ীভাবে কবর সংরক্ষণে নিরুৎসাহী করার জন্য কবর সংরক্ষণ ফি ২৫ বছরের জন্য ১.৫০ (এক কোটি পঞ্চাশ লাখ) টাকা এবং ১৫ বছরের জন্য ১.০০ (এক কোটি) টাকা ফি নির্ধারণ অনুমোদনের জন্য সভাকে অনুরোধ করেন।

সভাপতি বলেন, ২৯ মার্চ ২০২২ তারিখ হতে ডিএনসিসি'র ৫৪ টি ওয়ার্ডে বিশেষ মশক নিধন অভিযান পরিচালনা করা হবে। এ বিষয়ে সম্মানিত কাউন্সিলরদের সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি ওয়ার্ডের মশক কর্মীদের নিয়ে প্রতি সপ্তাহে একদিন সভা করার জন্য সম্মানিত কাউন্সিলরদের অনুরোধ করেন।

সভাপতি বলেন, দীর্ঘদিন একই ওয়ার্ডে কর্মরত ওয়ার্ড সচিবদের প্রশাসনিক স্বার্থে বদলী করা হবে।

বিবিধ আলোচনায় অংশগ্রহণ করে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে সম্মানিত কাউন্সিলরদের বিদেশ ভ্রমণের না যাওয়ার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, এ বিষয়ে মন্ত্রনালয় থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে। যদি কোন কাউন্সিলর অনুমতি ব্যতিরেকে বিদেশ ভ্রমণ করেন তার বিরুদ্ধে সরকার কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে উল্লেখ করেন।

| | | | |
|---|---|---|---|
| সিদ্ধান্ত | : | ১। ARB বোর্ডের সভাপতিদের সম্মানি ১,০০০ টাকা এবং সদস্যদের সম্মানি ৫০০ টাকা নির্ধারণ। | প্রধান রাজস্ব কর্মকর্তা<br>প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা |
| | | ২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন মহাখালী পাইকারী কাঁচাবাজারের জন্য নির্মিত ভবনে ডিএনসিসি ও সোনার বাংলা ফাউন্ডেশন, বাংলাদেশ এর মধ্যে MoU স্বাক্ষরের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমতি পাওয়া গেছে। MoU স্বাক্ষর সম্পাদন এবং সেই অনুযায়ী ৫০ শয্যার একটি কিডনী ডায়ালাইসিস সেন্টার স্থাপন করা হবে। | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা |
| | | ৩। বনানী কবরস্থানে স্থায়ীভাবে কবর সংরক্ষণে নিরুৎসাহী করার জন্য কবর সংরক্ষণ ফি ২৫ বছরের জন্য ১.৫০ (এক কোটি পঞ্চাশ লাখ) টাকা এবং ১৫ বছরের জন্য ১.০০ (এক কোটি) টাকা ফি নির্ধারণ। | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| | | ৪। রায়ের বাজার কবরস্থানে বীর মুক্তিযোদ্ধাদের কবরের জন্য ৩টি লাইন সংরক্ষণ। | প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| | | ৫। ডিএনসিসি'র ৫৪ টি ওয়ার্ডে বিশেষ মশক নিধন অভিযান পরিচালনা করা হবে। | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>প্রধান স্বাস্থ্য কর্মকর্তা<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| | | ৬। প্রত্যেক ওয়ার্ডের মশক কর্মীদের নিয়ে প্রতি সপ্তাহে একদিন সভা করতে হবে। | সম্মানিত কাউন্সিলর (সকল)<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) |
| | | ৭। দীর্ঘদিন একই ওয়ার্ডে কর্মরত ওয়ার্ড সচিবদের বদলী করা হবে। | সচিব |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি, কর্পোরেশন সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০-২৮৯

তারিখ: ৩০ চৈত্র ১৪২৮
১৩ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ........./সংরক্ষিত আসন নং ..........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), ...প্রকৌ...... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল .......... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

(৪ ও ৫:) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. প্রকল্প পরিচালক, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১. নির্বাহী প্রকৌশলী, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. কর কর্মকর্তা, ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা ........................................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ........................................ (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৬. অফিস কপি।

১৩/০৪/২০২২

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব (যুগ্মসচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।